গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪৩/২০১৭-১৮

ঢাকা, সোমবার, ১১ জুন ২০১৮, ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর বৈঠক

২। জি-৭ আউটরিচ সম্মেলনে ব্লু ইকোনমিতে অংশীদারিত্বের আহ্বান প্রধানমন্ত্রীর

৩। উত্তরা থেকে আগারগাঁও মেট্রোরেল চালু আগামী বছর : সংসদে সড়কমন্ত্রী

৪। পদ্মা সেতুতে রেল সংযোগ প্রকল্পে ঢাকা থেকে ফরিদপুর পর্যন্ত ৫ জেলা যুক্ত হবে : সংসদে রেলমন্ত্রী

৫। শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটের যাত্রা শুরু সেপ্টেম্বরে :
হাসপাতাল পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী

৬। টি-২০ এশিয়া কাপে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ক্রিকেটদল
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ

৮। রাজধানীতে ঈদের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়

৯। সরকারি-বেসরকারি কলেজের একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম তালিকা প্রকাশ

চলমান পাতা-২

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর বৈঠক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১০ জুন রোববার) কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে বৈঠক করেন। কানাডার স্থানীয় সময় সকাল সাড়ে **১১**টায় কুইবেকে তাঁদের এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই নেতা রোহিঙ্গা ইস্যুসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

২। জি-৭ আউটরিচ সম্মেলনে ব্লু ইকোনমিতে অংশীদারিত্বের আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঝুঁকিপূর্ণ দেশগুলোর টেকসই ব্যবস্থাপনা এবং সমুদ্র ও উপকূলীয় অঞ্চলের প্রতিবেশ সুরক্ষার জন্য জি-৭ দেশগুলোর সঙ্গে অংশীদারিত্ব উন্নয়নের আহ্বান জানিয়েছেন। গত ৯ জুন শনিবার কানাডার কুইবেকের লা মালবাইয়ের একটি হোটেলে জি-৭ আউটরিচ সম্মেলনে 'বিশ্ব মহাসাগর বিষয়াবলি' শীর্ষক সভায় তিনি এ আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সময়ের দাবি অনুযায়ী আমরা আমাদের উপসাগরকে সংরক্ষণ ও সুরক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। জলবায়ুবিষয়ক সভায় প্রধানমন্ত্রী আরো বলেন, প্যারিস চুক্তির পূর্ণ বাস্তবায়ন বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশকে জলবায়ু অর্থ সংস্থানের উন্নয়নে যুক্ত করা এবং সহায়তা বাড়ানোর তাগিদ দিয়ে তিনি বলেন, বাংলাদেশের মতো দেশের কৃষি, জনস্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, প্রযুক্তি উন্নয়ন এবং স্থানান্তর প্রভৃতি খাতে সহায়তা প্রয়োজন। তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের সঙ্গে মানিয়ে নিতে দরিদ্র ও সর্বাধিক ঝুঁকির মুখে থাকা দেশগুলোর সমর্থনের জন্য কানাডা সরকারের অঙ্গীকারের প্রশংসা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৩। উত্তরা থেকে আগারগাঁও মেট্রোরেল চালু আগামী বছর : সংসদে সড়কমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী বছর উত্তরা তৃতীয় পর্ব থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল চালু হবে। গতকাল (১০ জুন রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ২০২০ সালের মধ্যে মতিঝিল পর্যন্ত সরকার মেট্রোরেল চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি বলেন, মেট্রোরেল প্রকল্পের মেয়াদ ২০১২ সালের জুলাই থেকে ২০২৪ সালের জুন পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। প্রকল্পটি দ্রুত সম্পাদনের জন্য ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। টার্গেট মোতাবেক রাজধানীবাসী মেট্রোরেলে যাতায়াত করতে পারবেন বলে মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

৪। পদ্মা সেতুতে রেল সংযোগ প্রকল্পে ঢাকা থেকে ফরিদপুর পর্যন্ত ৫ জেলা যুক্ত হবে : সংসদে রেলমন্ত্রী

পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের আওতায় ঢাকা হতে পদ্মা হয়ে ফরিদপুর অংশে ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর ও ফরিদপুর জেলায় সংযোগ হবে। গতকাল (১০ জুন রোববার) জাতীয় সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে রেলপথমন্ত্রী মুজিবুল হক এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৫। শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটের যাত্রা শুরু সেপ্টেম্বরে : হাসপাতাল পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আগামী সেপ্টেম্বরেই ৫শ' বেডের বিশেষায়িত 'শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউট'র যাত্রা শুরু হবে। গতকাল (১০ জুন রোববার) রাজধানীর চানখারপুলে নবনির্মিত এ ইন্সটিটিউট পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, 'এখানে আগুনে পোড়া রোগীদের অত্যাধুনিক চিকিৎসাসেবা দেওয়া হবে।' তিনি বলেন, এ বার্ন ইন্সটিটিউটেই চিকিৎসক ও নার্সদের এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ** (পৃ.১৫,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.২)।

৬। **টি-২০ এশিয়া কাপে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ক্রিকেটদল**
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

গত পাঁচ বারের চ্যাম্পিয়ন ভারতকে ৩ উইকেটে হারিয়ে এশিয়া কাপ ক্রিকেটে শিরোপা জিতেছে বাংলাদেশের নারী ক্রিকেটদল। সালমা-রুমানাদের হাত ধরেই এলো দেশের ক্রিকেটের প্রথম আন্তর্জাতিক শিরোপা। টি-২০ এশিয়া কাপে বাংলাদেশ প্রমীলা ক্রিকেট দলের অবিস্মরণীয় জয়ে গতকাল (১০ জুন রোববার) পৃথক বাণীতে বাংলাদেশ প্রমীলা ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অভিনন্দন বার্তায় রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের ক্রিকেটের জন্য এটি গুরুত্বপূর্ণ বিজয়। বাংলাদেশ নারী ক্রিকেট দল ভবিষ্যতেও জয়ের এ ধারা অব্যাহত রাখবে। এক বার্তায় জি-৭ সম্মেলনে কানাডায় অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা টি-২০ এশিয়া কাপের ফাইনালে বিজয়ী জাতীয় নারী ক্রিকেটদলসহ সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানান। সূত্র–**সংবাদ, যুগান্তর, প্রথম আলো, ভোরের কাগজ, যায়যায়দিন, ডেইলি সান, বাংলাদেশ টুডে, অবজারভার, এশিয়ান এজ, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ (১১ জুন সোমবার)। সেনা সমর্থিত ১/১১-এর তত্ত্বাবধায়ক সরকারের সময় ২০০৭ সালের ১৬ জুলাই গ্রেফতার হন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দীর্ঘ প্রায় ১১ মাস কারাভোগের পর ২০০৮ সালের ১১ জুন সংসদ ভবন চত্বরে স্থাপিত বিশেষ কারাগার থেকে মুক্তি পান তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১)।

৮। **রাজধানীতে ঈদের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়**

জাতীয় ঈদগাহ ময়দানে এবার ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮ টায়। তবে আবহাওয়া বৈরী থাকলে সকাল ৯টায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদে প্রধান ঈদ জামাত হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (১০ জুন রোববার) নগরভবনে ঈদ জামাতের প্রস্তুতিবিষয়ক সভায় তিনি এ কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

৯। **সরকারি-বেসরকারি কলেজের একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম তালিকা প্রকাশ**

দেশের সব সরকারি-বেসরকারি কলেজের একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে মনোনীত শিক্ষার্থীদের প্রথম তালিকা প্রকাশ করা হয়েছে। মোট ১৩ লাখ ১৯ হাজার ৬৭৫ জন আবেদনকারীর মধ্যে প্রথম এ তালিকায় স্থান পেয়েছে ১২ লাখ ৩৮ হাজার ২৫২ জন শিক্ষার্থী। গত ৯ জুন শনিবার আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি এ তালিকা প্রকাশ করে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, যুগান্তর :** নারী এশিয়া কাপ টি-টোয়েন্টিতে ছয়বারের চ্যাম্পিয়ন শক্তিশালী ভারতকে তিন উইকেটে হারিয়ে প্রথমবারের মতো বাংলাদেশের নারী ক্রিকেটাররা চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানিয়ে সম্ভাবনাময় এ নারী ক্রিকেটারদের উপযুক্ত প্রশিক্ষণসহ সম্ভাব্য সকল রকম সুযোগসুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান।

খ. **সংবাদ, প্রথম আলো, যুগান্তর, নিউজ টুডে :** ঋণ নেওয়ার নামে ব্যাংক লুটের সাথে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার বিষয়ে এফবিসিসিআইয়ের দাবির সাথে একমত প্রকাশ করে আর্থিক খাতকে বড় কোনো বিপর্যয়ের হাত থেকে রক্ষা করার পরামর্শ।

গ. **প্রথম আলো :** কৃষিতে নারীর অংশগ্রহণ বাড়াতে হলে মজুরি বৈষম্য দূর করার পাশাপাশি নানারকম বাধা দূর করার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** বিদ্যুৎ উৎপাদনে রেকর্ড হলেও লোডশেডিং কমছে না উল্লেখ করে বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর পাশাপাশি আধুনিক বিতরণ, সঞ্চালন ও সরবরাহ লাইনের ওপর জোর দেওয়ার পরামর্শ।

ঙ. **বণিক বার্তা, যায়যায়দিন** : বাজেট ঘোষণার দু'দিনের ব্যবধানে চালের দাম কেজিতে পাঁচ টাকা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে চালের এ অযৌক্তিক মূল্য বৃদ্ধি ঠেকাতে দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পঞ্চগড় জেলার ৫০ শয্যার দেবিগঞ্জ হাসপাতালে ৩১ চিকিৎসকের স্থলে মাত্র ৪ জন চিকিৎসক থাকায় স্বাস্থ্যসেবা ব্যাহত হওয়ার চিত্র তুলে ধরে শূন্য পদে বিশেষ বিসিএস দ্বারা প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক নিয়োগের ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : নিম্নমানের মেডিক্যাল যন্ত্রপাতির আমদানির সাথে জড়িতদের আইনের আওতায় এনে যথাযথ শাস্তির ব্যবস্থা করার আহ্বান।

জ. **নিউ এজ, নিউ নেশন** : ঈদে ঘরমুখো মানুষের ভ্রমণ নিরাপদ করতে রেলপথ, সড়কপথ ও নৌপথে চলাচল নিরাপদ রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **অবজারভার :** শিক্ষার গুণগত মানোন্নয়নে শিক্ষাখাতে বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খাদ্যে ভেজালরোধে আইনের কার্যকর প্রয়োগ এবং সচেতনতা বৃদ্ধির বিকল্প নেই।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'ঈদে ঘরমুখো মানুষের নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঈদে ঘরমুখো যাত্রীদের সার্বিক নিরাপত্তার দিকটি নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা